

গোপন নথি ফাঁস করায় যশোর বোর্ডের পাঁচ কর্মকর্তাকে শোকজ

■ যশোর অফিস

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পাঁচজন কর্মকর্তা ও কর্মচারীকে কারণ দর্শানোর নোটিস দেওয়া হয়েছে। অফিসের গোপন নথি বাইরে ফাঁস করা এবং বোর্ড চেয়ারম্যানের সাথে অশোভন আচরণের অভিযোগে গত মঙ্গলবার তাদের এ নোটিস দেওয়া হয়। নোটিস প্রাপ্তরা হলেন: বোর্ডের সহকারী সচিব (কমন) জাহাঙ্গীর আলম, সেকশন অফিসার শাহানুল হক, আবুল কালাম আজাদ, সাধারণ সহকারী আবদুল রফিক ও আবদুল করিম। এদের মধ্যে চারজনকে অফিসের গোপন নথি বাইরে ফাঁস করার অভিযোগে এবং সেকশন অফিসার আবুল কালাম আজাদকে বোর্ড চেয়ারম্যানের সাথে অশোভন আচরণ করার অভিযোগে এ নোটিস দেওয়া হয়। যশোর শিক্ষা বোর্ডের সচিব ড. মোল্লা আমির হোসেন কারণ দর্শানোর নোটিসের বিষয়টি নিশ্চিত করে জানান, আগামী তিনদিনের মধ্যে কারণ দর্শানোর নোটিসের জবাব দিতে হবে। না হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। কর্মচারীদের পদোন্নতি নিয়ে বোর্ড চেয়ারম্যানের সাথে সোমবার অশোভন আচরণ করেন সিবিএ-র সাবেক দুই নেতা আবদুল মান্নান ও আবুল কালাম আজাদ। এদের মধ্যে আবুল কালামকে নোটিস দেওয়া হলেও মূল অভিযোগকারী আবদুল মান্নানের বিরুদ্ধে বোর্ড কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। এ নিয়ে শিক্ষা বোর্ডের কর্মচারীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।